

কমনওয়েলথ দিবস ২০১২ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের আয়োজনে কমনওয়েলথ দিবস ২০১২ উদযাপিত হবে। এ উপলক্ষে একটি উন্মুক্ত চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বাংলাদেশের সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। প্রতিযোগিতার তথ্য ও নিয়মাবলী নিম্নে দেয়া হলঃ

১. চিত্রাঙ্কন প্রতিযোগিতাটি দু'টো বিভাগে অনুষ্ঠিত হবেঃ ১ম শ্রেণী হতে ৪র্থ শ্রেণীভূক্ত ছাত্র-ছাত্রীরা 'ক' বিভাগ এবং ৫ম হতে ৮ম শ্রেণীভূক্ত ছাত্র-ছাত্রীরা 'খ' বিভাগ থেকে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। অধ্যয়নের শ্রেণী প্রমাণের জন্য বিদ্যালয় প্রদত্ত নিবন্ধন পত্রের প্রতিলিপি আঁকা ছবির সাথে জমা দিতে হবে;
২. প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক প্রত্যেক প্রতিযোগীর নাম ও ফোন নম্বর স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুস্বাক্ষরে বা অগ্রায়ন পত্র সহযোগে আগামী ১০ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে;
"সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, (দুঃআঃ মোঃ এনামুল হক, সিনিয়র সহকারী সচিব, আইপিএ শাখা-২), পশ্চিম ব্লক, ৮ম তলা, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, ফোনঃ ০২-৮১১২৪৩৩, ফ্যাক্সঃ ০২-৮১১২২৬৭, মোবাইলঃ ০১৮১৯১৯৮৭৩৫, ইমেইলঃ [sangshod@citechco.net/](mailto:sangshod@citechco.net)
ipa2branch@yahoo.com"
৩. ছবির প্রতিপাদ্য বিষয়ঃ "Connecting Culture". গুণগত মান ও সৌন্দর্যে, উপস্থাপনে ও অন্তর্নিহিত অর্থে ছবিটি জাতীয় ও আন্তর্জাতিক মানসম্পন্ন হতে হবে;
৪. আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১২ খ্রিস্টাব্দে বিকাল ০৩.০০-৫.০০ টায় জাতীয় সংসদ ভবনের পশ্চিম পার্শ্বস্থ মন্ত্রী হোস্টেল সংলগ্ন লবীতে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগীর সাথে কেবল তার একজন অভিভাবককে প্রতিযোগিতার ভেন্যুতে আসার অনুমতি প্রদান করা হবে;
৫. ছবি অঙ্কনের জন্য কাগজ ব্যতীত অন্যান্য সকল উপকরণ প্রতিযোগীকে সঙ্গে আনতে হবে। এ বিষয়ে জাতীয় সংসদ সচিবালয় হতে ছবি অঙ্কনের কাগজ ব্যতীত কোনো উপকরণ সরবরাহ করা হবে না। ছবি অঙ্কনের জন্য জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক সরবরাহকৃত কাগজে প্রতিযোগী তাঁর নাম, ঠিকানা ইত্যাদি লিখতে পারবেন। প্রত্যেক প্রতিযোগীর কাগজে জাতীয় সংসদ সচিবালয়ের একটি কোড নম্বর প্রদান করা হবে।
৬. নির্ধারিত সময়ের মধ্যে ছবি আঁকার পর তা একটি নিরপেক্ষ মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন করা হবে এবং কমিটির মূল্যায়নের ভিত্তিতে প্রতিটি বিভাগে ১ম-৩য় স্থান এবং উভয় বিভাগ থেকে সম্মিলিতভাবে ৪র্থ-১০ম নির্ধারণ করা হবে। প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রীদের প্রাইজমানি হিসাবে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার), ৩,০০০/- (তিন হাজার) ও ২,০০০/- (দুই হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হবে। এছাড়া ৪র্থ-১০ম স্থান অধিকারী প্রত্যেক প্রতিযোগীকে ১,০০০/- (এক হাজার) টাকা এবং বাংলাদেশ জাতীয় সংসদ ও কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন (সিপিএ) এর প্রতীক খচিত একটি করে সনদপত্র প্রদান করা হবে;
৭. প্রতিযোগিতায় কেবল বিজয়ীদের পত্র/ফোন মারফত অবহিত করা হবে এবং পুরস্কার গ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ফলাফল চূড়ান্ত হওয়ার পর আগামী ১২ মার্চ ২০১২ খ্রিস্টাব্দে কিংবা সুবিধাজনক তারিখ ও সময়ে বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার জনাব মোঃ আব্দুল হামিদ, এডভোকেট, এম.পি. বিজয়ীদের মধ্যে পুরস্কার, ক্রেস্ট ও সনদপত্র বিতরণ করবেন;
৮. উল্লেখ্য, ছবি অঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ বা পুরস্কার গ্রহণ অনুষ্ঠানে আগমন উপলক্ষে প্রতিযোগী/বিজয়ীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

-----//-----